

# উইন্ডোজ ৮-এর সেরা ১০ অ্যাপ

লুৎফুন্নেছা রহমান

গত দেড় যুগের বেশি সময় ধরে উইন্ডোজ ডেস্কটপ মোডের উপযোগী লাখ লাখ অ্যাপ্লিকেশন প্রোগ্রাম ডেভেলপ হয়। তবে মাইক্রোসফটের নতুন অপারেটিং সিস্টেমে সম্পৃক্ত রয়েছে নিজস্ব ক্লাসের অ্যাপ্লিকেশন, আগে এগুলোকে বলা হতো ‘Metro’। তবে এখন বলা হয় উইন্ডোজ ৮ অ্যাপস। এগুলো ফুল-স্ক্রিন, টাচ-ফ্রেন্ডলি প্রোগ্রাম, যা ওয়েবে যুক্ত হতে পারে।


নতুন উইন্ডোজ স্টোর থেকে আপনি পেতে পারেন নতুন স্টাইলের অ্যাপস, যেগুলোর ইনস্টলেশন ও আপডেট হয় স্বয়ংক্রিয়ভাবে। উইন্ডোজ অ্যাপ স্টোর হলো ডেভেলপার ও ব্যবহারকারীদের জন্য প্রয়োজনীয় ও নতুন সফটওয়্যারের কেন্দ্রীয় প্লেস। অ্যাপলের আইটিউন অ্যাপ স্টোরে যেখানে আইপ্যাডের জন্য ৩ লাখের বেশি অ্যাপ রয়েছে, সে তুলনায় উইন্ডোজ স্টোরে অ্যাপসের সংখ্যা খুবই কম। তবে মেট্রোস্টোর স্ক্যানারের তথ্য মতে বর্তমানে উইন্ডোজ ৮-এর ৪১ হাজার অ্যাপস আছে এবং প্রতিদিন প্রায় ২০০ নতুন অ্যাপ যুক্ত হচ্ছে। এসব অ্যাপের মধ্য থেকে শীর্ষ ১০ অ্যাপ এ লেখায় উপস্থাপন করা হলো ব্যবহারকারীদের উদ্দেশে।

## শীর্ষ ১০ উইন্ডোজ ৮ অ্যাপ

যেকোনো অ্যাপ স্টোরের মতো বিশেষ করে অ্যান্ড্রয়িডে কয়েকটি ছাড়া বেশিরভাগই তেমন কাজের নয় এবং এগুলোর মধ্যে অনেকগুলোই হলো নির্দিষ্ট কোনো দেশের জন্য। এগুলোর মধ্যে ২৭ হাজারের বেশি হলো যুক্তরাষ্ট্রের ইংলিশ ভাষাভাষির জন্য। অন্যান্য অ্যাপ স্টোরের মতোই এক্ষেত্রেও জেমসের দেখা পাওয়া যায়।

ব্যবহারকারীদের উদ্দেশে এ লেখায় যে শীর্ষ উইন্ডোজ ৮ অ্যাপ সম্পর্কে বলা হয়েছে যেগুলো সম্পূর্ণরূপে ফ্রি। এ লেখায় সেসব অ্যাপ সম্পর্কে আলোকপাত করা হয়েছে যেগুলো উইন্ডোজ ৮ পিসি বা ট্যাবলেটে পিসির জন্য প্রোডাক্টিভ সৃজনশীল এবং তথ্যবহুল।

**ফ্রেশ পেইন্ট :** যদি আপনি টাচ ট্যাবলেটে উইন্ডোজ ৮ রান করেন, তাহলে এরচেয়ে ভালো কিছু হতে পারে না, যা আপনি মাল্টিটাচে পেতে পারেন। যুগপৎ পাঁচ আঙ্গুল সমর্থিত এবং ভার্চুয়াল প্যালেটে প্রকৃত নতুন রংও মেশাতে পারবেন এতে। যদি খালি ক্যানভাস দিয়ে শুরু না করেন, তাহলে লাইন ড্র এবং কার্টুনের জন্য ‘Packs’ দিয়ে শুরু করতে পারেন। ফান প্যাক টুলটি ফ্রি। তবে অধিকতর শিল্পমনস্কতার জন্য ভ্যারাইটি প্যাক ব্যবহার করতে পারেন, যার দাম ১৪৯৬ ডলার।




একটি খালি পেজে বা নিজের ফটোতে আপনি ফিঙ্গার বা মাউস দিয়ে পেইন্ট করতে পারবেন, যেখানে পাবেন বিভিন্ন ধরনের ব্রাশ এবং পেন্সিল টিপ। আপনি ইচ্ছে করলে ডজনখানেক ক্যানভাস এবং পেপার থেকে কাঙ্ক্ষিত টেক্সচার বেছে নিতে পারবেন এ ক্ষেত্রে। এ কাজ সম্পন্ন করতে পারলেই আপনার অনবদ্য সৃষ্টিতে PNG ফাইলে এক্সপোর্ট করতে পারবেন অথবা শেয়ার টার্ম ব্যবহার করতে পারবেন। এটি যেকোনো অ্যাপে সেন্ড করার জন্য, যা ই-মেইল, সোশ্যাল নেটওয়ার্ক এবং আরও অনেক কিছু শেয়ার করতে পারে। এটি বিস্ময়করভাবে একটি পোলিশ করা অ্যাপ। এটি এমন এক অ্যাপ, যা উইন্ডোজ ৮ অবমুক্ত হওয়ার আগেই আমাদের চারপাশে ছিল। সবচেয়ে আকর্ষণীয় বিষয় হলো পেইন্ট যেকোনো কাজকে ঠিক বাস্তবসম্মতভাবে উপস্থাপন করতে পারে।



**স্কাইপে :** স্কাইপে এমন এক টুল, যা ব্যবহার করতে তেমন মেধা খরচ করতে হয় না। ভৌগোলিক সীমা সশরীরে অতিক্রম না করে যদি এক দেশ থেকে আরেক দেশের আত্মীয়স্বজন, বন্ধু-বান্ধব, পরিবার-পরিজনের সাথে ভিজিট করতে চান, তাহলে স্কাইপে অ্যাপ ও সার্ভিসের বিকল্প কিছু হতে পারে না। যখন আপনি প্রথমবার স্কাইপের রান করাবেন, তখন আপনার ওয়েবক্যাম ব্যবহারের এবং ব্যাকগ্রাউন্ডে রান করানোর অনুমতি চাইবে। তবে অনেকেই হতাশ হবেন স্কাইপেতে সার্চ টার্মের সুবিধা বাস্তবায়িত না হওয়ার কারণে। আর এ কারণে স্কাইপেতে যুক্ত কাউকে সার্চ করা যায় না। নতুন স্কাইপেতে উইন্ডোজ ম্যাসেঞ্জার সম্পৃক্ত করা হয়েছে। এতে আপনি পাবেন ভিডিও কল পার্টনারের পূর্ণ স্ক্রিনভিউ এবং উইন্ডোজ ৮ টাচ ইন্টারফেস ভালোভাবে ব্যবহার করার সুবিধার পাশাপাশি নোটিফিকেশনের চমৎকার সূচনা। তবে আপনি ডেস্কটপ ফিচারের কারণে মাল্টি-পার্টিকল ও শেয়ারিংয়ের স্কাইপের সুবিধা পাবেন না। এটি একটি ফ্রি টুল।

**অডিবল :** যারা দীর্ঘক্ষণ কমপিউটার মনিটরের সামনে বসে কাজ করেন তাদের কাছে অডিবল খুব স্বস্তিদায়ক হিসেবে আবির্ভূত মনে হবে। এটি অ্যামাজন ডটকম (Amazon.com) সাইটের একটি বুক-রিডিং অ্যাপ। আমরা যারা কাজের অবসরে বই পড়তে ভালোবাসি, তাদের কাছে এটি বেশ সহায়ক ভূমিকা রাখতে পারে। অ্যামাজন ডটকমে সাইন করার পর আপনি অডিও




বুকের বিশাল ভাণ্ডারের ক্যাটালগ ব্রাউজ করতে পারবেন। যেমন হাস্য-রসাত্মক ‘টিনা ফে’ থেকে শুরু করে বেস্টসেলার ‘বস প্যান্টস’ এবং ক্লাসিক ধরনের ডিকেন্স অ্যান্ড তাইওয়ান পর্যন্ত সব ধরনের বই। আপনি সম্পূর্ণ বিনা পায়সায় বিশাল টাইটাল সিলেকশন প্রিভিউ করতে পারবেন। অবশ্য এতে কিছু প্রতিবন্ধকতাও আছে, যেমন এই অ্যাপ স্ট্যান্ডার্ড উইন্ডোজ ৮ সার্চ টার্ম ব্যবহার করে না ও মূল পেজের শুধু তিন ক্যাটাগরি ব্রাউজ এবং সার্চ করতে পারবেন। এ ক্ষেত্রে আপনাকে ওপেন করতে হবে সাইডবার, যা প্রকৃত অর্থে ওয়েবপেজ বন্ধ করার মতো।

**নেটফ্লিক্স :** যদি আপনি নেটফ্লিক্সের ৩ কোটি গ্রাহকের মধ্যে একজন হয়ে থাকেন, তাহলে জেনে খুশি হবেন যে উইন্ডোজ ৮ ও আরটির মাধ্যমে মুভি ও টিভি শো ফিক্স করতে পারবেন। এই অ্যাপটি ফ্রি তবে সাবস্ক্রিপশন হতে হয়। এই অ্যাপসের হোম পেজ প্রদর্শন




করে নিউ রিলিজ ও জেনরেশ অপশন। আপনার কোয়েরি অনুযায়ী থাম্বনেইল পাইল জুড়ে যেমন Instant Queue, To 10, Popular on Netflix, New Release, Recently Added এ ধরনের কোনো কিছু থেকে কাঙ্ক্ষিত অপশনটি বেছে নিতে পারেন। একটি থাম্বনেইলে ক্লিক করলে ▸

মুভি পেজ আর্বিভূত হবে, যা বেশ তথ্যবহুল এবং ইন্টারেক্টিভ। এর মাধ্যমে নির্ধারিত রেটে প্লে করতে পারবেন। আপনি অ্যাপ বার ব্যবহার করতে পারবেন মুভি থামানোর জন্য। মুভির স্বচ্ছতা আনার জন্য ভলিউম বাড়ানো-কমানো বা সাবটাইটেল যদি থাকে তা অ্যানাবল বা ডিজ্যাবল করার সুযোগও পাবেন এতে।

**হুলুপ্লাস :** কিছু সময়ের জন্য টিভি দেখতে চান বা যারা দীর্ঘক্ষণ টিভির সামনে বসে বিভিন্ন অনুষ্ঠান দেখতে পচ্ছন্দ করেন কিংবা যারা তাদের নিজস্ব পছন্দ অনুযায়ী সময়ে টিভির প্রোগ্রাম উপভোগ করতে চান, তাদের সে চাহিদা পূরণ করতে পারবে হুলুপ্লাস অ্যাপ। এটি নেটফ্লিক্স অ্যাপের মতো চমৎকারভাবে ডিজাইন করা হয়েছে। তবে এটি আরও অনেক বেশি আপ-টু-




ডেট টেলিভিশন কনটেন্ট অফার করে। যদি আপনি হুলুর গ্রাহক হয়ে থাকেন, তাহলে আপনাকে এটি অফার করবে পূর্ণদৈর্ঘ্য ফিচার ফিল্মের এক চমৎকার সিলেকশন। এ সার্ভিস থেকে আপনার চাহিদা অনুযায়ী সবকিছুই পাবেন। যেমন কিউর মধ্য থেকে ভিউ করাসহ পার্সোনালাইজড রিকমেন্ডেশন এবং সব ধরনের জনপ্রিয় ও গতানুগতিক শো ভিউ করার সক্ষমতা।

**ওয়াননোট :** ওয়াননোট মূলত কোনো ডেস্কটপ অ্যাপ্লিকেশন নয়। তবে এটি অফার করে আইওএস, অ্যান্ড্রয়িড, ম্যাক ও উইন্ডোজ ফোন এবং পিসির উপযোগী অ্যাপ। সুতরাং এ অ্যাপটি যদি আপনার ডিভাইসের সাথে সম্পৃক্ত থাকে, তাহলে তা আপনার চাহিদা পূরণে সক্ষম হবে। এর ইনসারশন হুইলের মাধ্যমে আপনি একটি




টেবল, ট্যাগ, ফটো, লিস্ট যুক্ত করতে পারবেন বা নোটে পেস্ট করতে পারবেন। এ অ্যাপের মাধ্যমে আপনার প্রয়োজনীয় সব মিটিংয়ের নোট যেমন রাখতে পারবেন, তেমনি একই মাইক্রোসফট অ্যাকাউন্টে লগ করতে পারবেন উইন্ডোজ ৮ মেশিনের মতো করে। আপনি ইচ্ছে করলে মিটিংয়ের রেকর্ডকে প্লে করাতেও পারবেন। তবে প্লেব্যাককে টেক্সটে লিঙ্ক করাতে পারবেন না যেমনটি ডেস্কটপ ভার্সনে করা সম্ভব।



**বক্স :** ফাইলে সহযোগী হিসেবে কাজ করার জন্য বক্স (আগে বক্স ডটনেট হিসেবে পরিচিত) টুলের জনপ্রিয়তা দিন দিন বাড়ছে। বিশেষ করে ব্যবসায়ের ধারার গতিপথ পরিবর্তন হওয়ার সাথে সাথে এ টুলের উৎপাদনশীলতাও পরিবর্তিত হচ্ছে। এটি Salesforce.com এবং গুগল বক্সের সাথে সমন্বিত হতে পারে এবং ব্যবহারকারীকে অনলাইন 'Workspaces' শেয়ার করার সুযোগ দেয়। বক্স টুল ব্যবহারকারীদের কাজ অ্যাসাইন করে কমেন্ড পোস্ট করে এবং নোটিফাই করতে পারে যখন ডকুমেন্ট এডিট হতে থাকবে বা কমেন্ড হতে থাকবে। বক্স টুলের সাথে যেকেউ ৫ গিগাবাইট অনলাইন সিঙ্কসড স্টোরেজ স্পেস পাবেন এবং প্রধান প্রধান মোবাইল ও ডেস্কটপ ওএসের জন্য পর্যাপ্ত অ্যাপস আছে এ টুলের জন্য।

**রোয়ি :** টুইটার অ্যাপ ছাড়া কোনো ট্যাবলেট প্লাটফরমই পরিপূর্ণ নয়। উইন্ডোজ ৮-এ সম্পৃক্ত হওয়া পিপল (People) অ্যাপ আপনাকে টুইটার এবং ফেসবুক আপডেট দেখাবে ঠিকই, তবে এগুলো টুইটারের নিজস্ব অ্যাপের মতো তেমন গুরুত্বপূর্ণ নয়, যেমন অন্যান্য প্লাটফরমের জন্য আইপ্যাড। যতক্ষণ পর্যন্ত না টুইটার নিজেই উইন্ডোজ ৮ অ্যাপ অবমুক্ত করছে, ততক্ষণ পর্যন্ত বেশ কিছু অপশন থাকবে, যার মধ্যে রোয়ি একটি। এটি ব্যবহার করে খুব স্পষ্ট তিন কলাম





ভিউ, যেখানে টুইটে ভিউ করার জন্য প্রচুর স্পেস থাকে। বাম দিকের নিউজফিড, ইন্টারেকশন, ডিরেক্ট এবং ফেভারিট অপশন থেকে একটি বেছে নিতে পারবেন আর ডান দিকে দেখতে পারবেন আপনার ইমেজ এবং সাম্প্রতিক বিষয়ে সুইচ করতে পারবেন। এই অ্যাপ আপনাকে শেয়ার চার্ম ব্যবহারের সুযোগ যেমন দেবে তেমনি অন্যান্য অ্যাপ থেকে পোস্ট করার সুবিধা দেবে। এটি দেয় নতুন টুইটের জন্য পপআপ নোটিফিকেশন। এটি একটি ফ্রি টুল।

**ফেসবুক-লাইট :** টুইটারে ফেসবুকের অবস্থা একই ধরনের যখন এটি প্রথম উইন্ডোজ ৮ অ্যাপে আবির্ভূত হয়। আপনি ওএসের পিপল অ্যাপে কিছু ফাংশনালিটি খুঁজে পাবেন, তবে এর কোনো অফিশিয়াল ক্লায়েন্ট অ্যাপ নেই। উইন্ডোজ অ্যাপ স্টোরে বেশ কিছু ফেসবুক অ্যাপ রয়েছে। স্টোরে কিছু কিছু পেইড ফেসবুক অ্যাপের চেয়ে ভালো হলো ফেসবুক+ লাইট, যা দেখতে সোশ্যাল নেটওয়ার্কের ওয়েবসাইটের চেয়ে বেশি কিছু নয়। অবশ্য এতে যুক্ত করা হয়েছে ট্যাবলেটের সুবিধা। ফেসবুক টাচে




ব্যবহার হয় উইন্ডোজ ৮-এর একটি বোতামসহ নতুন স্টাইলের ইন্টারফেস এবং নিউজ ফিড ফটো, ফ্রেন্ড, মেসেজ, নোটিফিকেশন এবং ইভেন্টে নেভিগেট করার জন্য সুইপিং গেশ্চার। এর স্টার্ট মেনু প্রদর্শন করে আপনার গুরুত্বপূর্ণ কন্টাক্টের সর্বশেষ আপডেট। এটি আপনাকে ডিফল্ট ফটো অ্যাপ থেকে ফটো আপলোডের সুযোগ দেবে শেয়ার চার্মের মাধ্যমে।

**টিউনইন রেডিও :** আইওএসের আরেকটি অ্যাপ আছে উইন্ডোজ ৮-এর জন্য যা অনেক ব্যবহারকারীর পছন্দ। বিশ্বের যেকোনো ওয়েব স্ট্রিম করা রেডিও ব্রডকাস্ট প্লে করার জন্য এটি ব্যবহার করা যায়। এটি স্থানীয় রেডিও স্টেশন



খুঁজে পেতে পারে। এর রয়েছে স্লিপ টাইমার এবং পিসিতে অন্য কাজ করার সময় ব্যাকগ্রাউন্ডে কাজ করতে পারে। স্ট্রিম ক্যাটাগরিতে সম্পৃক্ত করতে পারবেন লোকাল রেডিও, মিউজিক, স্পোর্ট, নিউজ এবং কথপোকথন। আপনি ইচ্ছে করলে অন্য লোকেশন দিয়ে সার্চ করতে পারেন বা পডকাস্ট অনুসন্ধান ও প্লে করতে পারবেন কজ

*ফিডব্যাক : swapan52002@yahoo.com*